গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর
www.parbatipur.dinajpur.gov.bd

স্মারক নং ০৫.৫৫.২৭৭৭.০১১.০০৫.০২০.২৪. ১০৪ তারিখ: ১৮/০১/২০২৪ খ্রি:।

**"২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহালের ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দের ইজারার আবেদন অনলাইনে দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পার্বতীপুর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলাশয়/ জলমহাল/ সরকারি পুকুর) ১৪৩১-১৪৩৩বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ০২ নভেম্বর, ২০২৩ খ্রিঃ ১৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার নিম্নবর্ণিত ৯৯ (নিরানব্বই) টি বদ্ধ খাস জলমহাল/ পুকুর ১৪৩১-১৪৩৩বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির এবং এতদুদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক গঠিত নিবন্ধিত সমিতি/ সংগঠনকে যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদান করে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd ওয়েবসাইটে (Website) প্রবেশ করে অনলাইন (Online) আবেদন ফরম পূরণপূর্বক আবেদনের মূল কপিসহ সীল মোহরকৃত খামে ইজারা আবেদন দাখিল করতে হবে। অনলাইনে (Online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে- অর্ডার (অফেরতযোগ্য) ও ইজারা মুল্যের ২০% ব্যাংক ড্রাফট /পে-অর্ডার জমানত বাবদ জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে সংশ্লিষ্ট সমিতি ও পুকুরের নাম উল্লেখ পূর্বক নিম্নলিখিত ক্যালেন্ডার/সময়সূচি মোতাবেক আবেদন (হার্ডকপি) দাখিল করতে হবে । নির্ধারিত সময়সূচির পর কোন আবেদন গ্রহণ করা হবে না। কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালতে স্থগিতদেশ/ নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

উল্লেখ্য যে, ইজারাযোগ্য পুকুরের তালিকা, বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, পার্বতীপুর, দিনাজপুর এর নোটিশ বোর্ড এবং www.parbatipur.dinajpur.gov.bd ও acl. parbatipur.dinajpur.gov.bd. ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্যালেন্ডার / সময়সূচি

| তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|
| ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দের এর মধ্যে<br>২৩ জানুয়ারি ২০২৪ খ্রি. থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. এর মধ্যে | অনলাইনে (Online) সরকারি জলমহালের আবেদন দাখিল |
| ০৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দের এর মধ্যে<br>১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. এর মধ্যে | অনলাইনে (Online) আবেদনের প্রিন্টে কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবদ্ধ খামে উপজেলা নির্বাহ অফিসারের কার্যালয়ে দাখিল |

বিপুল কুমার
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পার্বতীপুর, দিনাজপুর